

স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২৬- ১১০০

তারিখঃ- ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঃ

১৯ মে, ২০২৬খ্রিঃ

“আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

(ক) পদের নামঃ “বিলিং সুপারভাইজার”।

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	বেতন ও অন্যান্য ভাতাদি	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	বিলিং সুপারভাইজার ০৩(তিন)টি	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০- ১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।	(ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার সামর্থ্য থাকতে হবে। (গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (ঙ) পবিসে নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ করতে হবে। (চ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৪ (চার) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

(খ) আবেদন করার পদ্ধতিঃ

আবেদনকারীকে (ক)নিজের নাম, (খ)পিতার নাম, (গ)মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ)ধর্ম, (জ)বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক আবেদন করতঃ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ১৬/০৬/২০২৬খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ঘটিকায় রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এ আবেদনপত্রসহ স্বশরীরে উপস্থিত হতে হবে।

আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংযুক্ত করতে হবে(সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/এজিএম/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঞ্জন ছবি।

(খ) বিগত ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) প্রশিক্ষণে উত্তীর্ণ হবার সত্যায়িত ফটোকপি।

(ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ বছরের কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা এবং কোন প্রকার তদন্ত প্রক্রিয়াধীন আছে কিনা তার প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

PAGE # 01 OF 02



অপর পাতায় দ্রঃবঃ

(গ) শর্তাবলীঃ

- ০১। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। অতীত কর্মসম্পাদনার মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।
- ০৩। বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।
- ০৪। (ক) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দণ্ডিত হন নাই;
(খ) সর্বশেষ ০২(দুই) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ডে দণ্ডিত হন নাই;
(গ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
- (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।
- (জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন বা ফৌজদারী মামলা চলমান থাকলে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।
- (ঝ) পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর সংশ্লিষ্ট শর্তাবলী পূরন করাসহ প্রয়োজনীয় সংখ্যক বৎসরের বার্ষিক কর্ম-মূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ হতে হবে।
- ০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্ব” হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে “চলতি দায়িত্ব” থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ ০৬(ছয়) মাস ০১ বার বৃদ্ধি অথবা পবিস সার্ভিস কোড ও নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
- ০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে রাজবাড়ী পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দার আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।
- ০৮। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। নির্বাচনী স্বাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। “চলতি দায়িত্ব” থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- ১২। বর্ণিত পদের নিয়োগের ক্ষেত্রে রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।



১৯/০৫/২০২৬


(প্রকৌশলী গোলাম আহম্মদ)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো)
- ০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, পাংশা জোনাল অফিস, রাজবাড়ী পবিস।
- ০৭। এজিএম(অর্থ/সদস্য সেবা)/ওএন্ডএম/কালুখালী/(গোয়ালন্দ/বালিয়াকান্দি), রাজবাড়ী পবিস।
- ০৮। নোটিশ বোর্ড, রাজবাড়ী পবিস।
- ০৯। অফিস/মাষ্টার কপি।

PAGE# 02 OF 02



(মোঃ আশরাফুজ্জামান)

এজিএম(মানব সম্পদ)